# ঈশ্বরের পালককে বিশ্বাস ও নম্রতার সাথে পরিচালনা প্রদান করুন

## একজন বিনয়ী নেতা গিদিয়োন ঈশ্বরের শক্তিতে ভরসা স্থাপন করেছিলেন

**প্রার্থনা ঃ** ''হে প্রভু আমাদের ছেলেমেয়েদেরকে গিদিয়োনের মত তোমাতে ভরসা করতে সাহায্য কর, যার সৈন্যর ঘটের মধ্যে মশাল বহন করেছিল।''

এর মধ্যে থেকে যে কনোও এমন ছেটেদের শিক্ষার কার্য্যকলাপ বেছে নিন, যেগুলি তাদের প্রয়োজন ও পরিপক্কতার মানের সাথে মানানসই হয়।

একজন বড় ছেলেমেয়ে অথবা শিক্ষিকাকে বিচারকর্তৃগণের বিবরণ ৭ অধ্যায় থেকে গিদিয়োনের ঘটনাটি মুখস্থ বলতে অথবা পাঠ করতে দিন।

- ব্যাখ্যা করুন যে, মিদিয়নীয়রা ইস্রায়েলীয়দের পরাস্ত করেছিল এবং তাদের যথা সর্ব্বস্ব লুঠ করেছিল।
- যেহেতু ইস্রায়েলীয়রা প্রতিমা পুজা করেছিল সেজন্য ঈশ্বর তাদেরকে মিদিয়নীয়দের দ্বারা শাস্তি দিয়েছিলেন।
- এই ঘটনাটি ঈশ্বরে ভরসাস্থাপনকারী একজন লোক কিভাবে ঈশ্বরের লোকদেরকে বিজয়ের পথে পরিচালিত করেছিল তা তুলে ধরে।

ঘটনাটি বলার পর, বিচারকত্তৃগণের বিবরণ থেকে এই প্রশ্ন সমূহ জিজ্ঞাসা করুন।

ঈশ্বর কেন যে সমস্ত লোকেরা ভীত হয়েছিল তাদেরকে ঘরে পাঠিয়ে দেবার জন্য গিদিয়োনকে বলেছিলেন? (২ পদ দেখুন)



- কোন সৈন্যরা তার সাথে যুদ্ধে যাবে, তা ঈশ্বর গিদিয়োনকে কিরূপে দিখিয়েছিলেন? (৭পদ দেখুন। ভালো সৈন্যরা জল পান করার সময় তাদের মাথা নিচু করেনি। হাত দিয়ে জল পান করার সময়েও তারা চারপাশে দৃষ্টি রেখেছিল।)
- তাদের শত্রুরা কি স্বপ্ন দেখেছিল, যাতে তারা যে যুদ্ধে হেরে যাবে তা বলা হয়েছিল? (১৩-১৫ পদ)
- ইস্রায়েলীয় সৈন্যরা কোন তিনটি জিনিস তাদের সাথে বহন করেছিল? (১৬পদ)
- শত্রুপক্ষের সৈন্যদের পরাস্ত করতে ঈশ্বর ৩০০ জন সৈন্যকে কিরূপে ব্যবহার করেছিলেন? (২০ পদ দেখ। তারা মশাল যার মধ্যে ছিল সেই ঘটগুলি ভেঙ্গে ফেলেছিল এবং তূরীধ্বনী করেছিল। হঠাৎ প্রজ্বলিত শিখা এবং আওয়াজ শত্রুদেরকে হতভম্ব করেদিয়েছিল এবং তারা অন্ধকারের মধ্যেই একে অপরের সাথে লড়াইয়ে রত হয়েছিল।)

গিদিয়োনের জয়লাভের ঘটনাটি নাটক আকারে উপস্থাপন কর।

- উপাসক মন্ডলীর প্রধান আরাধনাকারী নেতাদের সহযোগে নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন।
- ছোটদেরকে তাদের অধ্যয়ণ করার সময়ে প্রস্তুত করুন।
- বড়শিশুরা ছোট ছেলেমেয়েদেরকে প্রস্তুতি নেওয়ার ব্যাপারে সাহায্য করবে।
- **বড় ছেলেমেয়ে** অথবা প্রাপ্তবয়স্কদের এই পাঠগুলিতে অভিনয় করতে দিন।
  **বিবৃতিকার ঃ** গল্পটির সংক্ষেপ করবে এবং ছোটদেরকে কি বলতে ও করতে হবে সে বিষয়ে স্মরণ করিয়ে দেবে।
  **ঈশ্বরের রব ঃ**
  **গিদিয়োন ঃ** তুরী, মশাল এবং ঘট এর ছবি রাখবে অথবা এমন কিছু রাখবে যা এগুলিকে বোঝাবে।
  **মিদিয়নীয় সৈন্য ঃ**
- **ছোট ছেলেমেয়ে**রা এই ভূমিকাগুলিতে অভিনয় করবে।
  **ভীত সৈন্য**
  **অমনোযোগী সৈন্য**
  **সতর্ক সৈন্য**
  **শত্রু সৈন্যরা।** বর্শা অথবা খড়্গ রাখবে।

**বিবৃতিকার ঃ** বিচারকত্তৃগণের বিবরণ ৭ঃ১-৮ অংশ থেকে ঘটনার প্রথম ভাগটি বলবে। এর পর বলুন, ''ঈশ্বর গিদিয়োনকে কি বলছেন তা শুনুন।

**ঈশ্বরের রব ঃ** ''তোমার অনেক সৈন্য আছে। ইস্রায়েলীয়রা মনে করবে যে তারা তাদের নিজেদের শক্তিতে এই যুদ্ধে জয়লাভ করেছে। তাদেরকে বলে দাও যে, ''যদি তোমরা ভয় পাও, ঘরে ফিরে যেতে পার।'' অবশিষ্ট যারা স্রোত থেকে জল পান করছে তাদের প্রতি দৃষ্টি রাখো। যে সৈন্যরা সতর্ক থাকবে, তাদেরই কেবল যুদ্ধের জন্য বেছে নেবে।''

**গিদিয়োন ঃ** ''তোমাদের যাদের ভয় করছে তারা ঘরে ফিরে যাও। আর অবশিষ্ট তোমরা এই স্রোত মার্গ থেকে জল পান কর।''

**ভীত সৈন্যরা ঃ** ভয়ে কাঁপতে থাকবে। বল ''আমার খুব ভয় করছে। আমি ঘরে চলে যাবো।'' (প্রস্থান)

**অমনোযোগী সৈন্যরা ঃ** পাত্র মেঝেতে নামিয়ে রেখে এবং মাথা নিচু করে জল পান করার ভঙ্গি করবে (সারমেয়র মত চুকচুক করে পান করবে) তারপর চেঁচিয়ে বলবে, ''সারমেয়র মত জিভ দিয়ে জল পান করার সময় আমি চারিদিকে নজর রাখতে ভুলে গেছিলাম।'' (পাত্র রেখে প্রস্থান করবে)।

**সতর্ক সৈন্যরা ঃ** হাত দিয়ে পাত্র উপুড় করে জল মুখের কাছে নিয়ে আসবে। চেঁচিয়ে বলবে, ''পান করার সময়ে আমি সতর্ক দৃষ্টি রেখেছিলাম। মাত্র ৩০০ জন সৈন্য অবশিষ্ট আছে। কিন্তু ঈশ্বর আমাদেরকে জয়ী করবেন।''

**বিবৃতিকার ঃ** বিচারকর্ত্তৃগণ ৭ ঃ৯-১৯ অংশ থেকে গল্পের দ্বিতীয় ভাগটি বলবেন। বলবেন; ''ঈশ্বর, গিদিয়োনকে কি বলছেন তা শুনুন।''

**ঈশ্বরের রব ঃ** ''শত্রু শিবিরে যাও এবং তারা কি বলে তা শ্রব ণ কর।''

**গিদিয়োন ঃ** মিদিয়োনীয় সৈন্যদের পিছনে নিঃশব্দে যাবে এবং তাদের কথা শুনবে।

**মিদিয়োনীয় সৈন্যরা ঃ** ''আমি একটা স্বপ্ন দেখেছি। একটি ছোট্ট রুটির খন্ড আমার তাম্বুর মধ্যে গড়িয়ে আসল এবং তা ধ্বংস করে দিল। এর মানে আমরা এই যুদ্ধ হেরে যাব।''

**গিদিয়োন ঃ** নিজের সৈন্যদের কাছে ফিরে আসবে। বলবে, ''হে ইস্রায়েলীয় সৈন্যগণ ঈশ্বর দেখিয়েছেন যে তিনি আমাদের এই যুদ্ধে জয়ী হতে সাহায্য করবেন। এখানে তূরীগুলি এবং ঘটগুলি আছে যার মধ্যে জ্বলন্ত মশাল আছে। যখন আমরা শিবিরের কাছে পৌঁছাব তখন তূরীগুলি বাজাবে এবং ঘটগুলি ভেঙ্গে দেবে।''

**বিবৃতিকার ঃ** ২০-২২ পদগুলি থেকে গল্পের তৃতীয় ভাগ বল। এরপর বলবে, ''গিদিয়োন কী বলছে শুনুন।''

**গিদিয়োন ঃ** চিৎকার করে, ''এইবার।''


**সতর্ক সৈন্যরা ঃ** তূরীবাদ্য করবে, ঘট ভেঙ্গে ফেলবে এবং মশালগুলি উঁচুতে তুলে ধরবে। এরপর চিৎকার করে বলবে,''ঈশ্বরের জন্য ও গিদিয়োনের জন্য একটি খড়্গ!''

**শত্রু সৈন্যরা ঃ** হতভম্ব হয়ে পড়বে এবং একেঅন্যের সঙ্গে লড়াই করবে। এরপর বলবে ''এত অন্ধকার যে কিছু দেখা যাচ্ছে না। আওয়াজটা কিসের ছিল?'' ''আমাদের চারিদিকে ওই মশালগুলো দেখ!'' ''আমাদের মধ্যেই শত্রুরা আছে!'' ''পালাও! পালাও!'' (দৌড়ে পালাবে)

**বিবৃতিকার ঃ** বলুন যে নাটক শেষ হয়েছে এবং যারা সাহায্য করেছে তাদেব প্রত্যেককেধন্যবাদ দেবে।

**প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন ঃ** ছেলেমেয়েরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে, উপরে প্রদত্ত একই প্রশ্নগুলি ছেলেমেয়েরা, তাদের জিজ্ঞাসা করবে।

**আলোচনা করুন ঃ** এমনকি যখন আমরা দুর্বল হয়ে পড়ি, এবং ঈশ্বরে ভরসা স্থাপন করি, তখন ঈশ্বর আমাদের কিরূপে ব্যবহার করেন তার অন্যান্য উদাহরণগুলি কি কি? (প্রাপ্তবয়স্কদের অথবা ছেলেমেয়েদের উদাহরণ দিতে বলুন)



ঘটের মধ্যে জ্বলন্ত মশালের একটি ছবি অঙ্কন করে ছোটদের তা নকল করতে দিন।

- ছোটদের তাদের ছবিগুলিকে প্রাপ্তবয়স্ক অথবা তাদের পিতামাতাকে দেখাতে দিন।
- ছোটদেরকে ব্যাখ্যা করতে দিন যে এই ছবিগুলি আমাদের স্মরণ করায় যে যদি আমরা তাঁর উপর ভরসা করি তবে ঈশ্বর দূর্বল লোকদের ও ব্যবহার করেন।

- বড়রা ছোট ছেলেমেয়েদেরকে সাহায্য করবে।

**কবিতা ঃ** গীতসংহিতা ২৩ এর পদগুলিকে ২ অথবা ততোধিক ছেলেমেয়েকে আবৃত্তি করতে দিন।

**মুখস্থ পদ ঃ** মার্ক ৯ঃ৩৫

বড়দের গিদিয়োনের ন্যায় বিশ্বাসের দ্বারা পরিচালনা করার বিষয়ের উপর কবিতা, গান, অথবা নাটক লিখতে দিন। তারা সপ্তাহের মধ্যেও এটা করতে পারে।

**প্রার্থনা ঃ** ''হে প্রভু, তুমি সর্বশক্তিমান। তুমি সর্বদাই শত্রুদের বিরুদ্ধে জয়ী হও। আমরা দূর্বল হলেও, যাই ঘটুক না কেন, সর্বদা তোমার শক্তির ওপরই ভরসা স্থাপন করব। খ্রীষ্টের মাধ্যমে আমরা বিজয়ী হব।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net